

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা- ১২১৬।
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৬.৪৭০.১৮-

তারিখঃ

পৌষ, ১৪২৫

ডিসেম্বর, ২০১৮

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং ৫৪৬/২০১৮ (রীট পিটিশন নং ১২১৮৯/২০১৭ থেকে উদ্ভূত) জনাব মোঃ সরোয়ার এ কাইনাত হোসেন, পিতাঃ সোহরাব হোসেন, গ্রামঃ ময়েনপুর (পশ্চিমপাড়া), উপজেলাঃ মিঠাপুকুর, জেলাঃ রংপুর বনাম সরকার মামলায় দফাওয়ারী জবাব প্রদানসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ সরোয়ার এ কাইনাত হোসেন, পিতা- সোহরাব হোসেন, গ্রাম- ময়েনপুর (পশ্চিম পাড়া), উপজেলা- মিঠাপুকুর, জেলাঃ রংপুর গং (মোট ৪৭ জন) ভূয়া ও জাল রেকর্ডপত্র সৃজনের মাধ্যমে নিজেদেরকে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক দাবী করে চাকুরী পাওয়ার জন্য মহামান্য সুপ্রীমকোর্টের হাইকোর্ট বিভাগে রীট পিটিশন নং ১২১৮৯/২০১৭ দায়ের করেন। সরকার পক্ষ থেকে সংশ্লিষ্ট ডিএজি মহোদয়ের মাধ্যমে যথাসময়ে রীট পিটিশনটির জবাব (এফিডেভিট ইন অপোজিশন) মহামান্য আদালতে দাখিল করা হয়েছে। মহামান্য আদালত ২০.০৩.২০১৮ তারিখে সরকারের বিপক্ষে রায় প্রদান করেন। উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল দায়েরের জন্য বিজ্ঞ প্যানেল এডভোকেট জনাব শেখ শফিক মাহমুদকে দায়িত্ব প্রদান করা হয়। তিনি উক্ত রায়ের বিরুদ্ধে মহামান্য সুপ্রীমকোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লীভ টু আপিল নং ৩৮৩০/২০১৮ দায়ের করেন। ইতোমধ্যে পিটিশনার জনাব মোঃ সরোয়ার এ কাইনাত হোসেন রায় বাস্তবায়ন না হওয়ায় কনটেম্পট পিটিশন নং ৫৪৬/২০১৮ দায়ের করেছেন।

২। এমতাবস্থায়, কনটেম্পট পিটিশন নং ৫৪৬/২০১৮ মোকদ্দমাটি জবাব প্রদানসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো এবং নিম্নের রেকর্ডসমূহ এতদসঙ্গে প্রেরণ করা হলো। (উল্লেখ্য যে, ইতোপূর্বে রীট পিটিশনটির আরজি, জবাব ও সরকার পক্ষের সকল রেকর্ডপত্র তাঁকে প্রেরণ করা হয়েছে)

সংযুক্তিঃ ১। রীট পিটিশন নং ১২১৮৯/২০১৭ এর আরজির কপি।
২। কনটেম্পট পিটিশন নং ৫৪৬/২০১৮ এর আরজির কপি।
৩। ওকালতনামা, ক্ষমতাপ্রাপ্তপত্র ও জাতীয় পরিচয়পত্র।

মোট-

পাতা।

(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)

জনাব এডভোকেট শেখ শফিক মাহমুদ
আজিজ কো-অপারেটিভ কমপ্লেক্স।
চেম্বার নং এ-৪ (৬ষ্ঠ তলা)
২০৪, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, ঢাকা।

স্মারক নং- ৩৮.০১.০০০০.১১৪.০৬.৪৭০.১৮-

তারিখঃ

পৌষ, ১৪২৫

ডিসেম্বর, ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

- ১। সহকারী সচিব (আইন শাখা), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সংরক্ষণ নথি।

(মুহাম্মদ রকিবুল ইসলাম তালুকদার)
সহঃ পরিচালক (আইন)।